



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2022

গভর্নর ক্যাথি হোকল

রশ হাশানা সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজ রাতে, নিউ ইয়র্কে এবং বিশ্বজুড়ে পরিবারগুলো রশ হাশানার প্রথম রাত উদযাপনের জন্য একত্রিত হবে। মধুর মধ্যে আপেল চুবিয়ে, শোফার ফুটানোর শব্দ শোনা, এবং প্রার্থনা ও প্রতিফলনে অংশ নেওয়ার মধ্য দিয়ে, ইহুদি কমিউনিটিগুলো গত হয়ে যাওয়া বছর সম্পর্কে চিন্তাভাবনা করতে এবং নতুন বছরকে স্বাগত জানাতে বহু প্রজন্ম ধরে চলে আসা এই ঐতিহ্য অব্যাহত রাখবে। ইসরাইলের বাইরে সর্ববৃহৎ ইহুদি জনগোষ্ঠীর বসবাসকারী স্টেটের গভর্নর হিসেবে, উদযাপনকারী সবার প্রতি আমি 5783 বর্ষ যাতে কমিউনিটি, আনন্দ, মধুরতা ও সমৃদ্ধিতে পরিপূর্ণ হয় সেই শুভকামনা জানাচ্ছি। শানা তোভা উ'মেতুকাহ — আপনার নববর্ষ মধুর ও আনন্দে পরিপূর্ণ হোক!"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418